

**কিওয়ার গার্টেনের পাঠ্যসূচী  
সরকার অনুমোদিত হইতে  
হইবে।**

এক সরকারী তথ্য বিবরণীতে  
বলা হয় যে, ১৯৮৯ শিক্ষা বছর  
হইতে সরকারের অনুমোদন ব্যতীত  
কোন পাঠ্যসূচী ও বই কিওয়ার  
গার্টেন ও বেসরকারী স্কুলসমূহের  
পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা যাইবে না।  
দেশের সকল কিওয়ারগার্টেন  
(২ম পৃঃ দ্রঃ)

**কিওয়ারগার্টেন**  
(২ম পৃঃ পর)

ও বেসরকারী স্কুলকে তাহাদের  
পাঠ্যসূচী ও বইসমূহ সরকারের  
অনুমোদনের জন্য আগামী ৩০শে  
সেপ্টেম্বরের মধ্যে জাতীয় শিক্ষাক্রম  
ও টেকস্ট বুক বোর্ডের চেয়ারম্যান  
(টেকস্ট বুক ভবন, ৬৯-৭০, মতি-  
ঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা)-এর  
নিকট, তাহার নেতৃত্বে এ বিষয়ে  
গঠিত একটি বিশেষ কমিটির নিকট  
দাখিল করিতে বলা হইয়াছে।

কিওয়ার গার্টেন ও বেসরকারী  
স্কুলসমূহ অনেক সময় এমন সব  
বই তাহাদের পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত  
করে যাহা জাতীয় শিক্ষাক্রম ও  
টেকস্ট বুক বোর্ড কর্তৃক অনুমোদিতও  
নয় এবং যাহা ছাত্র-ছাত্রীদের দেশ  
ও পরিবেশ সম্পর্কে ভুল ধারণা  
দিতে পারে। তাই আগামী শিক্ষা  
বছর অর্থাৎ ১৯৮৯ সালে কিওয়ার  
গার্টেন ও বেসরকারী স্কুলসমূহ যেসব  
পাঠ্যসূচী এবং বই তাহাদের পাঠ্য-  
সূচীর অন্তর্ভুক্ত করিতে চায়, তাহা  
অবশ্যই সরকার কর্তৃক অনুমোদন  
করাইতে হইবে।